57

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 SEP ১৯৯৮

পৃঃ ২১ কলাম ৪

# সন্ত্রাসের প্রতিবাদে চট্টগ্রাম ভার্সিটি শিক্ষকদের সমাবেশ, মৌন মিছিল

চট্টগ্রাম ভার্সিটি রিপোর্টার॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সাম্প্রতিক সময়ে কয়েকটি হত্যাকান্ড ও অব্যাহত সন্ত্রাসের প্রতিবাদে গতকাল বুধবার ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে এক প্রতিবাদ সমাবেশ ও মৌন মিছিল অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয় কলাভবন চত্বরে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপিকা হামিদা বানুর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তাগণ বলেন, সন্ত্রাসীরা অন্ধকার গর্তের বাসিন্দা, সমাজের সচেতন অংশকে ইহাদের বিরুদ্ধে প্রতিবাদ গড়িয়া তুলিয়া সন্ত্রাসীদেরকে তাহাদের প্রকৃষ্ট স্থানে আবদ্ধ রাখি[...] হইবে। বক্তাগণ বলেন, নাগরিক সমা[...] সহযোগিতায় সন্ত্রাসীদের বিরুদ্ধে কা[...] প্রতিরোধ গড়িয়া তুলিয়া ছাত্র স[...] অতীত গৌরবময় ঐতিহ্যকে ফি[...] আনিতে হইবে। সমাবেশ শে[...] বকুল, ফারুক, আইয়ুব, মুশফিক ও সঞ্জয় - তোমাদের জন্য আমরা গভীরভাবে শোক হত' ব্যানার নিয়া শিক্ষকদের এক বিরাট মৌন মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে।